দৈনিক ইনকিলাব
তারিখ 15 NOV 2007
পৃষ্ঠা ০ কলাম ২

# মাদ্রাসা প্রশিক্ষণ ইনস্টিটিউট জামায়াতীকরণের চক্রান্ত

## *লক্ষ্য নিজস্ব মতবাদ প্রচারের মিশন*

ইনকিলাব রিপোর্ট

মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট (বিএমটিটিআই) কি জামায়াতে ইসলামীর অঙ্গ সংস্থা? এ প্রশ্ন সংশ্লিষ্টদের। ইনস্টিটিউটের বর্তমান গভর্নিং বডিতে একচেটিয়া জামায়াতী দৌরাত্ম্য চলছে বলে সংশ্লিষ্টদের অভিযোগ। তাদের মতে বিগত বছরগুলোতে প্রশিক্ষণ কার্যক্রমের প্রায় সকল সুযোগ-সুবিধা পেয়েছে জামায়াত সমর্থিত শিক্ষকরা। সংশ্লিষ্টদের গুরুতর অভিযোগ হচ্ছে, প্রশিক্ষণ কার্যক্রমের মাধ্যমে গভর্নিং বডির প্রশ্রয়ে নিজস্ব মতবাদ শিক্ষক সমাজের মধ্যে ছড়িয়ে দেয়ার মিশনারি কার্যক্রম চালিয়ে আসছে জামায়াতে ইসলামী। সূত্র বলেছে, মাদ্রাসা প্রশিক্ষণ ইনস্টিটিউটের গভর্নিং বডিতে মাত্র একজন বেসরকারী মাদ্রাসার প্রিন্সিপাল হিসেবে অন্তর্ভুক্ত পৃঃ ১১ঃ কঃ ৭

## ইনস্টিটিউট জামায়াতীকরণের চক্রান্ত

*প্রথম পৃষ্ঠার পর*

আছেন জামায়াত নেতা প্রিন্সিপাল যায়নুল আবেদীন। সূত্র মতে গভর্নিং বডির মেয়াদ শেষ পর্যন্ত থাকায় নতুন প্রস্তাবে আবারো বিতর্কিত যায়নুল আবেদীন ও মাওলানা আবদুল লতীফের নাম প্রস্তাব আকারে পাঠানো হয়েছে। সংশ্লিষ্টদের মতে মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউটের গভর্নিং বডির সদস্য হিসেবে কিভাবে বিতর্কিত ব্যক্তিদের নাম প্রস্তাব আকারে পাঠানো হলো তা খতিয়ে দেখা প্রয়োজন। তাদের মতে সঠিক প্রশিক্ষণের স্বার্থে বর্তমান প্রস্তাব বাতিল করে অরাজনৈতিক ও বিতর্কের উর্ধ্বের প্রিন্সিপালদের নাম প্রস্তাব করা দরকার।